



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
বাংলাদেশ।

স্মারক নং- জাতীঃ বিঃ/পনিঃ/অনার্স-৩য় বর্ষ/২০১০/২০১৩/৩১৮(অংশ-৩)/২০৮২ তারিখ : ১২/০৫/২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

### ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের আবেদন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য আগামী ১৩/০৫/২০২৬ থেকে ০২/০৬/২০২৬ তারিখ পর্যন্ত Online-এ আবেদনসহ ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।


#### Pay Slip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট 103.113.200.36/PAMS/ICTUnit/Re\_scruting.aspx থেকে Online-এ আবেদন Form পূরণ ও Pay Slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা- নগদ, বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমনঃ AMERICAN EXPRESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব নম্বর থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনের কপি বা পে-স্লিপের কপি বিশ্ববিদ্যালয়ে প্রেরণের প্রয়োজন নেই।

উল্লেখ্য, ফলাফল পুনঃমূল্যায়ণ ফি প্রতিপত্র ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা।

বিঃ দ্রঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোনো তথ্যের জন্য [www.nu.ac.bd](http://www.nu.ac.bd) ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ এনামুল করিম)  
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : [controller@nu.ac.bd](mailto:controller@nu.ac.bd)